৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
E-mail : dgdncbd@gmail.com, website www.dnc.gov.bd Fax: 8802-8870010.

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতি ঃ মোঃ আজিজুল ইসলাম
পরিচালক(প্রশাসন)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।

তারিখ ঃ ৩০ আগষ্ট, ২০১৮, বেলা ০৩:০০ ঘটিকা।
সভার স্থান ঃ পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভায় বিগত ৩১ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ পড়ে শুনান। উক্ত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে বিগত মাসে কোন ইনোভেশন প্রস্তাব পাওয়া যায়নি।

০২। অতপর: তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিম্নোক্ত ০৩(তিন) টি উদ্ভাবনী কর্মপরিকল্পনার সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাসময়ে এবং যথাযথভাব বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে মেন্টর মেন্টি হিসেবে নির্বাচন করা হয়েছে:

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন) | মেন্টর |
| অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, ঢাকা | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, রাজশাহী | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, খুলনা | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, সিলেট | মেন্টি |
| অতিরিক্ত পরিচালক, বরিশাল | মেন্টি |
| সিস্টেম এনালিস্ট | মেন্টি |
| উপ-পরিচালক (অতিরিক্ত পরিচালকের সমন্বয়কারী), রংপুর | মেন্টি |
| উপ-পরিচালক (অতিরিক্ত পরিচালকের সমন্বয়কারী), ময়মনসিংহ | মেন্টি |
| সহকারী পরিচালক(প্রশাসন) | মেন্টি |

| ক্র | উদ্ভাবনী কর্মপরিকল্পনার নাম | সর্বশেষ অগ্রগতি | প্রত্যাশিত ফলাফল(কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ(প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|
| ২২. | সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real time এ জানার জন্য Online patient management সিস্টেম চালু করা। | Online patient management সিস্টেম চালু করা হয়েছে। এ সিস্টেমে এখন পর্যন্ত ৩৫ জন রোগীর তথ্য পাওয়া গেছে। সম্প্রতি সফটওয়ারটিতে ত্রুটি দেখা গেছে। শীঘ্রই ত্রুটি সংশোধন করার ব্যবস্থা গ্রহণ করা হবে। বাস্তবায়ন অগ্রগতি প্রায় ৫০%। | মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবায় সহজীকরণ হবে। আসক্তদের প্রকৃতি ও শ্রেণী সম্পর্কে জানা যাবে এবং আসক্তদের মাদক ভিত্তিক এবং বয়স ভিত্তিক শ্রেণী বিভাজন করা যাবে। | 'অনলাইন পেশেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম' নামক সফটওয়্যার ব্যবহারকারী সরকারী-বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সংখ্যা। |
| ২৩. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সহযোগিতায় অধিদপ্তরের কার্যক্রম নির্ভর একটি প্রামাণ্য চিত্র ও ৩টি টিভি ফিলার নির্মাণ পূর্বক প্রদর্শন | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সহযোগিতায় অধিদপ্তরের কার্যক্রম নির্ভর একটি প্রামাণ্য চিত্র ও মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে তিনটি টিভি ফিলার নির্মাণ করা হয়েছে। টিভি ফিলার তিনটি বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে এবং গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে সকল জেলা তথ্য অফিসসহ অধিদপ্তরের জেলা অফিস, বিভাগীয় অফিস ও ডিসি অফিসে প্রচারের জন্য প্রেরণ করা হয়েএবং প্রদর্শন করা হয়েছে। বাস্তবায়ন অগ্রগতি ১০০%। | এতে জনসচেতনতা বৃদ্ধি পাবে এবং মাদকাসক্তের সংখ্যা হ্রাস পাবে। | দর্শনার্থীর সংখ্যা। |
| ২৪. | সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসায় নিয়োজিত এডিকশনাল প্রফেশনালদের মধ্য হতে কমপক্ষে ২৫০ জনকে | জুলাই,২০১৭ হতে জুন,২০১৮ পর্যন্ত সময়ে ১০টি ব্যাচে মোট ২৭৩ জনকে ইকো প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাস্তবায়ন অগ্রগতি ১০০%। | মাদকাসক্ত রোগীদের চিকিৎসার মান উন্নীত হবে এবং মাদকাসক্ত ব্যক্তিরা যাতে সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসে তার ব্যবস্থা হবে। | প্রশিক্ষণ গ্রহণকৃত এডিকশনাল প্রফেশনালদের সংখ্যা। |

৪৫

| | প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ। | | | |
|---|---|---|---|---|

০৫। সভাপতি মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবা সহজীকরণ করার নিমিত্ত সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real time এ জানার জন্য অনতিবিলম্বে Online patient management সিস্টেমটির ত্রুটি সংশোধন পূর্বক সিস্টেমটি চালু করার জন্য পুনরায় সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

০৬। সভাপতি বলেন, অধিদপ্তরের প্রত্যেক শাখা কর্তৃক তাদের চাহিদা অনুযায়ী সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক তথ্যের ছক আগামী ০১(এক) মাসের মধ্যে সিস্টেম এনালিস্ট বরাবর প্রেরণ করতে অনুরোধ করা হলেও তা প্রেরণ করা হয়নি। তিনি বলেন উক্ত তথ্যাদি প্রাপ্তির পর প্রত্যেক অফিসের ওয়েব সাইট প্রস্তুত ও হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

৭.১ মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবা সহজীকরণ করার নিমিত্ত সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real time এ জানার জন্য অনতিবিলম্বে Online patient management সিস্টেমটির ত্রুটি সংশোধন পূর্বক সিস্টেমটি চালু করার জন্য পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭.২ নিম্নবর্ণিত ০২(দুই) টি ইনোভেশন প্রস্তাব পূর্ববর্তী সভায় প্রাথমিকভাবে গৃহিত হয়।

(ক) এনফোর্সমেন্টের সকল কর্মকর্তা-কর্মচারীর ইমেইল এড্রেস খুলতে হবে এবং অধিদপ্তরের সকল কার্যালয় হতে কর্মকর্তা-কর্মচারীদের সাক্ষীর সমন/ওয়ারেট স্ব স্ব ইমেইলে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে।

(খ) অধিদপ্তরের আওতাধীন প্রত্যেক অফিসের ওয়েব সাইট থাকবে এবং সংশ্লিষ্ট জেলা বা বিভাগীয় কার্যালয়ের তথ্যসমূহ স্ব স্ব ওয়েব সাইটে হালনাগাদ থাকবে। প্রধান কার্যালয় হতে চাহিত সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক তথ্যসমূহের ছক উক্ত ওয়েবসাইটে হালনাগাদ থাকবে।

সিস্টেম এনালিস্ট(ভারপ্রাপ্ত) জনাব মোঃ মোস্তাক মামুন খান ও সহকারী পরিচালক(অপারেশনস) উপরে বর্ণিত তাদের স্ব স্ব ইনোভেশন প্রস্তাবের বিস্তারিত বিবরণসহ স্বয়ংসম্পূর্ণ ইনোভেশন প্রস্তাব দাখিল করার জন্য পুনরায় অনুরোধ হলো।

০৮। সভাপতি অধিদপ্তরকে যুগোপযোগী করার লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনীমূলক কর্মকান্ডের বিষয়ে চিন্তা ভাবনা করার জন্য ইনোভেশন কমিটির সকল সদস্যগণকে পুনরায় অনুরোধ করেন। এছাড়াও গত ৩০ জুলাই, ২০১৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো , ২০১৮-২০১৯ প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। সে পরিকল্পনামাফিক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইনোভেশন উদ্যেগ প্রেরণ করার জন্য মাঠ পর্যায়ের অফিসসমূহকে পত্র প্রেরণ করতে বলেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২০১৮

(মোঃ আজিজুল ইসলাম)
পরিচালক(প্রশাসন)
ও
ইনোভেশন অফিসার
ফোন ঃ ৮৮৭০০১৬

নথি নং- ৪৪.০৪.০০০০.০০৫.১৮.৩৮৭.১৬-৫২৩৫

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২৫ / ৩০ সেপ্টেম্বর, ২০১৮

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ অতিরিক্ত সচিব(মাদক অনুবিভাগ)।
২. অতিরিক্ত সচিব(বহিরাগমন ও নিরাপত্তা) ও চীফ ইনোভেশ অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৮. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা ।
৯. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
১০. সিষ্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. উপ পরিচালক(নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,------------------------ গোয়েন্দা অঞ্চল/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ---------------------।
১৩. তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
১৪. সহকারী পরিচালক, প্রশাসন/অপারেশনস/অর্থ/কমন সার্ভিস/চিপু/সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।